



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১৮, ২০১৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ জুলাই ২০১৩

নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৭/১৪৮/প্রশাসন/৪৯—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সরকারের সহিত পরামর্শক্রমে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এ নিম্নোক্ত সংশোধন করিল, যথা ঃ—

উপরিউক্ত বিধিমালায়,—

১। বিধি ৬৬ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৬৬। লভ্যাংশ বিতরণ ও উহার সীমা।—প্রত্যেক মিউচুয়াল ফান্ড উহার বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর প্রতিটি স্কীমের বিপরীতে উক্ত স্কীমের ইউনিট মালিকগণের মধ্যে এই বিধিমালার আলোকে ও ট্রাস্টির মতামত সাপেক্ষে নগদ লভ্যাংশ অথবা রি-ইনভেস্টমেন্ট অথবা উভয় অপশন বিতরণের ঘোষণা করিবে যাহার পরিমাণ উক্ত স্কীমের বার্ষিক লাভের শতকরা সত্তর ভাগ (৭০%) এর কম হইবে না। উল্লেখ্য, কমিশন কর্তৃক নিবন্ধনকৃত সকল মেয়াদী মিউচুয়াল ফান্ড এর ক্ষেত্রে অত্র বিধি/বিধান প্রযোজ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, যেই সকল বর্ধিষ্ণু বিনিয়োগ স্কীমের প্রকৃতি ও সম্ভাবনা সম্পর্কে শুরুতেই বিনিয়োগকারীদের সম্পূর্ণরূপে জানানো হইয়াছিল উহাদের ক্ষেত্রে উক্ত লভ্যাংশ প্রদানের হার বার্ষিক লাভের অন্ততঃ পঞ্চাশ ভাগ (৫০%) এর কম হইবে নাঃ

আরও শর্ত থাকে যে, উক্ত লভ্যাংশ সিদ্ধান্ত গ্রহণের পঁয়তাল্লিশ দিনের মধ্যে ইউনিট মালিকগণের নিকট বিতরণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট দাখিল করিতে হইবে।”

৩১০৫ খ্রঃ উল্লেখিত প্রোগ্রাম

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনি এর আদেশক্রমে

অধ্যাপক ড. এম খায়রুল হোসেন  
চেয়ারম্যান।

স্বাক্ষর

৩১০৫ খ্রঃ উল্লেখিত প্রোগ্রাম

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন—১০১/নসসি/১৮/১৫/১৩০৫/সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
৩১০৫ খ্রঃ উল্লেখিত প্রোগ্রাম  
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
৩১০৫ খ্রঃ উল্লেখিত প্রোগ্রাম

স্বাক্ষর

৩১০৫ খ্রঃ উল্লেখিত প্রোগ্রাম

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন—১০১/নসসি/১৮/১৫/১৩০৫/সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
৩১০৫ খ্রঃ উল্লেখিত প্রোগ্রাম  
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
৩১০৫ খ্রঃ উল্লেখিত প্রোগ্রাম

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.